

চিত্র  
৩৪

## শাহবাগ থেকে শিক্ষাভবন বিশাল জনসমুদ্র, একদিনে ১৮৪ নতুন বই

আশীষ-উর-রহমান শুভ

আগের মধ্যরাত থেকে যে জনস্রোত শুরু হয়েছিল শহীদ মিনার অভিমুখে তাতে আর ছেদ পড়েনি। বুধবার অমর একুশে-সকাল থেকে দুপুর, বেলা গড়িয়ে সন্ধ্যা, তার পর ঘনিয়ে

### একুশের বইমেলা


এলো রাত-শাহবাগ থেকে নীলক্ষেত, পলাশী থেকে চানখীরপুল, নিমতলী থেকে শিক্ষা ভবন পুরো এলাকা এক বিশাল জনসমুদ্র। সাংস্কৃতিক অনুষ্ঠান, পথের দু'পাশের হরেক পণ্যের পসরা আর গ্রন্থমেলা সব একাকার হয়ে গিয়েছিল সকাল থেকেই। গভীর রাত অবধি পুরো এলাকা ছিল বিপুল প্রাণের উচ্ছ্বাসে

উদ্বেলিত।

মোড়ক উন্মোচন। এদিন মেলার নজরুল মঞ্চ বিশিষ্ট বুদ্ধিজীবী অধ্যাপক খান সারওয়ার মুর্শিদ প্রত্যাগা ২১ ফোরাম থেকে প্রকাশিত প্রবন্ধ সঙ্কলন '২০২১ সালে কেমন বাংলাদেশ চাই'-এর মোড়ক উন্মোচন করেন। নতুন বই। অমর একুশের দিনে মেলায় শুধু লোকসমাগমই বাড়েনি, বেড়েছে নতুন বইয়ের প্রকাশনাও। তথ্যকেন্দ্রের দেয়া তালিকা মোতাবেক নতুন বই প্রকাশিত হয়েছে ১৮৪টি। এবার মেলায় এটি একদিনে প্রকাশিত সর্বোচ্চ সংখ্যা। উল্লেখযোগ্য বইগুলোর মধ্যে ছিল আহমেদ পাবলিশিং হাউস থেকে প্রকাশিত মেজর জেনারেল (অব) সুবিদ আলী ডুইয়ার-আমি কেন স্বাধীনতার ঘোষক নই। এই গ্রন্থে স্বাধীনতার ঘোষক সংক্রান্ত বিতর্ক সম্পর্কে তিনি তথ্যবহুল একাধিক নিবন্ধ রচনা এবং মুক্তিযুদ্ধ ও সমকালীন রাজনৈতিক পরিস্থিতির পর্যালোচনা



করেছেন। অনন্য থেকে প্রকাশিত হয়েছে কবি নাসির আহমেদের কাব্যগ্রন্থ-গলে যাচ্ছে আকাশবার মোম। এছাড়া রয়েছে এমআরএ তাহা অনুদিত চার্লিন বিশ্বের -রোবেক আইশ্যাক, লিবি হক সম্পাদিত প্রেমের কবিতা সঙ্কলন-ভালবাসবে এসো। সৈয়দ আল ফারুকের কাব্য-আমি সিঁড়িটা ব্যবহার করতে চাই না। সময় প্রকাশনী থেকে এসেছে- শাহাদত চৌধুরী যারক গ্রন্থ ও সেলিনা হোসেনের উপন্যাস-মাটি ও মানুষের বুনন। আগামী থেকে এসেছে-তোফাজ্জল হোসেনের-জাতিসংঘ. হুমায়ূন আহমেদের শ্রেষ্ঠ কবিতা, রস্বানী



চৌধুরী-জাতির ১পতার ছড়া, কবি মুহম্মদ নূরুল হদার কাব্য-আমি একটি খাস প্রজাড্ড চাই। শীরা প্রকাশন থেকে রফিকুর রশীদের-জন্মদিনের ছড়া। অন্যপ্রকাশ থেকে সৈয়দ হায়দারের কবিতা-কার সাথে কে যায়, আতিউর রহমানের-নির্বাচিত প্রবন্ধ। জ্ঞান প্রকাশনী থেকে ড. আশরাফ সিদ্দিকী ও ড. হালিমা খাতুনের গল্প-পরীর মেলা। সাহিত্য বিলাস থেকে বিপ্রদাস বড়ুয়ার গল্প-জাদুর বাশি। ন্যাশনাল পাবলিকেশন থেকে ডা. জিল্লুর কামালের মনোবিজ্ঞান

(১১- পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

### শাহবাগ থেকে শিক্ষা

(১২-এর পাতার পর) বিষয়ক-অর্থতাবী মনের ভুল। দশদিক থেকে প্রকাশিত ঝর্ণা দাশ পুরকায়স্থর শিশুতোষ গল্প-মেঘের কাছে ইঁড়ুর চিঠি। শিখা প্রকাশনী থেকে মুহম্মদ জাফর ইকবালের-গল্পসমগ্র। ঐতিহ্য থেকে প্রকাশিত রিজিয়া রহমানের শিশুতোষ গল্প- মহিণীদের বাড়ি ও অন্যান্য গল্প। বলাকা থেকে প্রকাশিত জ্যোতিপ্রকাশ দত্তের প্রবন্ধ-বাংলাদেশ সমাজ ও অর্থনীতি। মনন থেকে প্রকাশিত ফারুক মাহমুদের কাব্য-সৌন্দর্য হে ভয়ানক, সৈয়দ আবুল মকসুদের প্রবন্ধ-সহজিয়া কচড়া। কথা প্রকাশ থেকে বদরুদ্দীন উমরের প্রবন্ধ-মার্কিন যুক্তরাষ্ট্রের সাম্রাজ্যবাদী তৎপরতা। তথ্যকেন্দ্রে তালিকাভুক্ত একদিনে প্রকাশিত এই ১৮৪টি নতুন বইয়ের মধ্যে সবচেয়ে বেশি ছিল কবিতা ৪০টি, ছোটগল্প-২৬টি, উপন্যাস তৃতীয় স্থানে ২০টি। মেলা চলবে ফেব্রুয়ারির শেষ দিন পর্যন্ত, দর্শকদের সমাগম থাকবে অব্যাহত।